দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 03 FEB 2008
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# রংপুরে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত

## উপদেষ্টা পরিষদের বৈঠক শেষে প্রেস ব্রিফিংয়ে প্রধান উপদেষ্টা



প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ গতকাল সন্ধ্যায় রংপুর সার্কিট হাউসে প্রেস ব্রিফিং-এ বক্তব্য রাখেন —ইত্তেফাক

- মঙ্গা মোকাবিলায় কমিটি গঠন
- ৩ মাসের মধ্যে বেগম রোকেয়া স্মৃতিকেন্দ্র চালু
- কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য বীজ সার, ডিজেল, কীটনাশক ও বিদ্যুৎ সরবরাহের নিশ্চয়তা

॥ ওয়াদুদ আলী, রংপুর সংবাদদাতা ॥

উপদেষ্টা পরিষদের বৈঠকে রংপুরে একটি স্বতন্ত্র পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ ছাড়া রংপুর বিভাগ, শিক্ষা বোর্ড স্থাপন, পাইপ লাইনের মাধ্যমে গ্যাস সরবরাহসহ রংপুরবাসীর দাবিগুলো সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। পাশাপাশি এ অঞ্চলে মঙ্গা মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষা, বাণিজ্য ও শিল্প উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমানকে প্রধান করে একটি কমিটি গঠন করা হয়েছে। রংপুর অঞ্চলে চলতি বোরো মৌসুমে কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য বীজ, সার, ডিজেল, কীটনাশক ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার পাশাপাশি নিবিড় ও সার্বক্ষণিক তদারকিরও সিদ্ধান্ত নেয়া হয়।

গতকাল শনিবার দুপুরে স্থানীয় সার্কিট হাউসে (৪র্থ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## রংপুরে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃঃ পর)

প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদের সভাপতিত্বে বৈঠকে এসব সিদ্ধান্ত নেয়া হয়। বিকেলে প্রেস ব্রিফিংকালে প্রধান উপদেষ্টা বলেন, বৈঠকে রংপুর অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নে কৃষি, শিল্প, ব্যবসা-বাণিজ্য প্রসারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আগামী ৩ মাসের মধ্যে পায়রাবন্দে স্থাপিত বেগম রোকেয়া স্মৃতি কেন্দ্র পূর্ণাঙ্গভাবে চালুর জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে নির্দেশ দেয়া হয়েছে। ঢাকার বাইরে উপদেষ্টা পরিষদের বৈঠক সম্পর্কে প্রধান উপদেষ্টা বলেন, জনগণের সমস্যা সরাসরি অবহিত হওয়া, সরকারকে জনগণের দোরগোড়ায় নিয়ে যাওয়া, সমস্যাগুলো সরকারের শীর্ষমহলে আলোচনার মাধ্যমে সমাধানের চেষ্টা করা এবং সরকারি কর্মকর্তা-কর্মচারিদের কার্যক্রম গতিশীল ও জোরদার করাই এই বৈঠকের উদ্দেশ্য। এজন্য উপদেষ্টা পরিষদের সদস্যরা ১১টি জেলা সফর করেছেন। ফলে গতানুগতিক আনুষ্ঠানিকতার বাইরে এ অঞ্চলের জনমানুষের স্পর্শকাতর বিষয়গুলো এই সফরের মাধ্যমে ফুটে উঠেছে। প্রেস ব্রিফিংকালে প্রধান উপদেষ্টা আরও বলেন, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, স্থল বন্দরের কার্যক্রম গতিশীল করা, অচল বিমান বন্দর চালু, কৃষি বহুমুখি কার্যক্রম জোরদার করা, কৃষি ও কৃষকের মাঝে কৃষি তথ্য সম্প্রচার ও প্রচার, দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে ভিজিএফ কার্যক্রম অব্যাহত রাখা, প্রশিক্ষণের মাধ্যমে বেকার যুবকদের দক্ষ জনশক্তিতে রূপান্তরিত করে বিদেশে পাঠানোর ব্যবস্থা গ্রহণ এবং এ অঞ্চলের পুরাকীর্তি ও দর্শনীয় স্থানগুলো সংস্কার ও সংরক্ষণ করে পর্যটক এবং দর্শনার্থীদের জন্য আকর্ষণীয় করে গড়ে তোলা হবে। এ সময় প্রধান উপদেষ্টার প্রেস সচিব ফাহিম মুনয়েম, রংপুরের জেলা প্রশাসক খন্দকার আতিয়ার রহমানসহ সরকারের উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এর আগে সকালে উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থিত ছিলেন পররাষ্ট্র, বৈদেশিক কল্যাণ ও কর্মসংস্থান উপদেষ্টা ড. ইফতেখার আহমেদ চৌধুরী, আইন, বিচার ও সংসদ, ধর্ম ও ভূমি উপদেষ্টা এএফ হাসান আরিফ, যোগাযোগ উপদেষ্টা মেজর জেনারেল (অব.) গোলাম কাদের, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন, সমবায়, বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা আনোয়ারুল ইকবাল, শিক্ষা, বাণিজ্য ও শিল্প উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ উপদেষ্টা ড. এএমএম শওকত আলী, অর্থ উপদেষ্টা ড. মির্জ্জা এবিএম আজিজুল ইসলাম, স্বরাষ্ট্র উপদেষ্টা মেজর জেনারেল (অব.) আব্দুল মতিন, প্রাথমিক, গণশিক্ষা ও কৃষি উপদেষ্টা ড. সিএস করিম, মহিলা ও শিশু এবং সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা রাশেদা কে. চৌধুরী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক ম. তামিম, শিল্প, যুব ও ক্রীড়া, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন বিষয়ক প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহবুব জামিল, মৎস্য, পশুসম্পদ, বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মানিকলাল সমদ্দার, বন ও পরিবেশ এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রধান উপদেষ্টার বিশেষ সহকারি ব্যারিস্টার রাজা দেবাশীষ রায়, ডাক, তার ও টেলিযোগাযোগ এবং সমাজকল্যাণ বিষয়ক প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এমএ মালেক।

প্রেস ব্রিফিংয়ের আগে বিকালে প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ মিঠাপুকুরে এক মতবিনিময় সভায় বলেন, নির্বাচন কমিশনের রোডম্যাপ অনুযায়ী আগামী ডিসেম্বরের মধ্যেই একটি গ্রহণযোগ্য ও সুষ্ঠু সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে কোন ধরনের সন্দেহ বা সংশয়ের অবকাশ নেই। আর তাই দ্রুত ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের কাজ সম্পন্ন করা হচ্ছে। অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন যাতে স্বাধীনভাবে কাজ করতে পারে সেজন্য ইতিমধ্যেই নির্বাচন সচিবালয় অধ্যাদেশ অনুমোদন করা হয়েছে। উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত বিভিন্ন পেশাজীবী ও সুশীল সমাজের নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভায় প্রধান উপদেষ্টা পায়রাবন্দে নির্মিত বেগম রোকেয়া স্মৃতি কেন্দ্র চালু করা প্রসঙ্গে বলেন, এই প্রকল্পটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে হস্তান্তর করা হয়েছে। খুব শিগগিরই তাদের মাধ্যমে স্মৃতি কেন্দ্রের কার্যক্রম শুরু হবে। তিনি বলেন, কৃষিক্ষেত্রে উৎপাদন বৃদ্ধির মাধ্যমেই কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে হবে।

### কৃষকদের সাথে কথা বলেন প্রধান উপদেষ্টা

বাসস জানায়, রংপুর থেকে মিঠাপুকুর যাবার পথে প্রধান উপদেষ্টা বলদিপুকুর বাস স্টেশনে কৃষকদের সঙ্গে কথা বলেন এবং তাদের কাছে জমির ফসল ও স্থানীয় বাজারে দ্রব্যমূল্য পরিস্থিতি সম্পর্কে জানতে চান। কৃষকদের কাছে ইউরিয়া সার সরবরাহ প্রসঙ্গে ড. ফখরুদ্দীন বলেন, মোট ২৫ লাখ টন চাহিদার বিপরীতে সরকার প্রায় ২৮ লাখ টন ইউরিয়া সার সরবরাহের বিরাট পরিকল্পনা নিয়েছে। সরকার ইউরিয়া সার বিক্রয় কেন্দ্রের সংখ্যাও বাড়িয়েছে উল্লেখ করে তিনি বলেন, এখন থেকে কৃষকরা সারা দেশের ১৪ হাজার বিক্রয় কেন্দ্র থেকে সার সংগ্রহ করতে পারবে। এছাড়া উৎপাদন বৃদ্ধিতে কৃষকদের তাদের ক্ষেত্রে সেচ সুবিধা সুগমে পল্লী এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন। রংপুরের জেলা প্রশাসক খোন্দকার আতিয়ার রহমান মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) একেএম মাসুদুজ্জামান স্বাগত বক্তৃতা করেন।

### প্রধান উপদেষ্টা আজ গঙ্গাচড়ায় আসছেন

গঙ্গাচড়া সংবাদদাতা জানান, আজ রবিবার প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ মঙ্গাপীড়িত গঙ্গাচড়ায় আসছেন। সফর কর্মসূচির অংশ হিসেবে তিনি সকাল ১০টায় উপজেলা পরিষদ চত্বরে এক মতবিনিময় সভায় মিলিত হবেন। এতে উপজেলার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন। এক ঘণ্টা মত বিনিময় শেষে প্রধান উপদেষ্টা বিশেষ কর্মসূচির আওতায় দুস্থদের মাঝে চাল বিতরণ করবেন। প্রধান উপদেষ্টার আগমন উপলক্ষে সকল প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে। নিরাপত্তা ব্যবস্থাও জোরদার করা হয়েছে।